

যুগান্তর

প্রিন্ট: ২০ অক্টোবর ২০২৫, ১১:১৪ এএম

জাতীয়

আন্দোলনকারী শিক্ষকদের নতুন কর্মসূচি ঘোষণা



যুগান্তর ডেস্ক

প্রকাশ: ১৯ অক্টোবর ২০২৫, ০৯:১৫ পিএম



বেতনের ওপর ২০ শতাংশ বাড়ি ভাড়া সহ ৩ দফা দাবি আদায়ে সোমবার (২০ অক্টোবর) থেকে আমরণ অনশনের ঘোষণা দিয়েছেন এমপিওভুক্ত বেসরকারি প্রতিষ্ঠানের আন্দোলনকারী শিক্ষকরা।

রোববার হাইকোর্ট মাজার মোড়ে এ ঘোষণা দেন শিক্ষা জাতীয়করণপ্রত্যাশী জোটের সদস্য সচিব ও আন্দোলনের অন্যতম সংগঠক দেলাওয়ার হোসাইন আজিজী।

আজ বিকালে কেন্দ্রীয় শহীদ মিনার থেকে ঘোষণা দিয়ে ভুখা মিছিল শুরু করেন শিক্ষকরা। এরপর সেখানে বিকাল ৫টা পর্যন্ত অবস্থান করেন তারা।

এদিকে নানা সীমাবদ্ধতার মধ্যেও বাড়ি ভাড়া বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে সরকার। এ সিদ্ধান্ত মেনে নিয়ে বেসরকারি এমপিওভুক্ত শিক্ষকদের ক্লাশরুমে ফেরার আহ্বান জানিয়েছেন শিক্ষা উপদেষ্টা ড. চৌধুরী রফিকুল (সিআর) আবরার।

রোববার শিক্ষা মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ আহ্বান জানান।

সিআর আবরার বলেন, আমরা মনে করি, শিক্ষক সমাজের অনেক বেশি পাওয়া দরকার। কিন্তু বর্তমান সীমাবদ্ধতার কারণে যে সিদ্ধান্ত হয়েছে, অর্থ মন্ত্রণালয় বরাদ্দ করেছে। এর জন্য আমাদের দিক থেকে যথেষ্ট চেষ্টা করেছি। এ অবস্থায় সরকারের সিদ্ধান্ত মেনে আন্দোলনরত শিক্ষকদের ক্লাসে ফিরে যাওয়ার আহ্বান জানাই। বাড়ি ভাড়া ভাতা মূল বেতনের ৫ শতাংশ হারে (সর্বনিম্ন ২০০০ টাকা) ঘোষণার পর আন্দোলনরত এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের ক্লাসে ফিরে যাওয়া উচিত।

এ ছাড়া আমরণ অনশনে থাকা বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষকদের বাড়ি ভাড়া ভাতা ৫ শতাংশ হারে দিতে সম্মতি দিয়েছে অর্থ মন্ত্রণালয়। রোববার অর্থ মন্ত্রণালয়ের এক আদেশে এ তথ্য জানানো হয়।